

নিউ ইয়র্ক স্টেট

জরুরি ভাড়া সহায়তা প্রোগ্রাম

ভাড়াটিয়াদের জন্য তথ্য - নথিপত্রের চেকলিস্ট

নিউ ইয়র্ক স্টেট জরুরি ভাড়া সহায়তা প্রোগ্রাম কোভিড-19-এর কারণে আর্থিক সংকটে পড়ে ভাড়া পরিশোধ করতে না পারা এবং গৃহহীনতা বা আবাসনের বিষয়ে অস্থিতিশীলতার ঝুঁকিতে থাকা উপযুক্ত পরিবারগুলোকে সহায়তা করছে।

আবেদন করার সময় ভাড়াটিয়াদেরকে জমা দিতে হবে:

- প্রধান আবেদনকারীর জন্য **ব্যক্তিগত পরিচিতিমূলক নথি** (আলাদা করে স্বাক্ষরিত আবেদন)। পরিচয় নিশ্চিত করার জন্য গ্রহণযোগ্য নথির মধ্যে রয়েছে: ছবিযুক্ত আইডি, ড্রাইভিং লাইসেন্স বা ড্রাইভার নয় এমন লোকের জন্য সরকার কর্তৃক ইস্যুকৃত আইডি, পাসপোর্ট, EBT /বেনিফিট ইস্যুয়েন্স কার্ড, জন্ম সনদ বা স্কুলের নিবন্ধন।
- পরিবারের যেকোনো সদস্যের **সোশ্যাল সিকিউরিটি নাম্বার**, যদি কারো নামে ইস্যু করা থাকে। **এই প্রোগ্রামের জন্য উপযুক্ত হতে ব্যক্তিদের আইনানুগ অভিবাসনগত অবস্থা থাকার প্রয়োজন নেই।**
- **ভাড়ার পরিমাণের প্রমাণ**, স্বাক্ষরিত লিজ, এর মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলেও। যদি কোনো লিজ না থাকে, তবে ভাড়ার রশিদ, বাতিলকৃত চেক বা মানি অর্ডারের মাধ্যমেও প্রমাণ দাখিল করা যাবে। যদি কোনো নথিপত্র না থাকে, তবে বাড়িওয়ালার সত্যায়নও গৃহীত হবে।
- **বাসভবন ও দখলের প্রমাণ** – স্বাক্ষরিত লিজ, ভাড়ার রশিদ, ইউটিলিটি বিল, স্কুলের রেকর্ড, ব্যাংক স্টেটমেন্ট, আবেদনকারীর নাম সহ পোস্টাল মেইল, ইনস্যুরেন্স বিল বা ড্রাইভিং লাইসেন্স। প্রমাণগুলো হালনাগাদ হতে হবে।
- **আয়ের প্রমাণ:**
 - আগের মাসের জন্য **মাসিক আয় প্রদর্শনকারী নথিপত্র**, যেমন পে স্টাব, ব্যাংক অ্যাকাউন্টে জমার যাচাইকরণ, বেকার ভাতার চিঠি বা অন্যান্য প্রমাণ;

অথবা

- **2020 সালের বার্ষিক আয় প্রদর্শনের নথিপত্র**, একজন নিয়োগকর্তার কাছ থেকে একটি W-2 ট্যাক্স ফর্ম, আয়ের একটি বার্ষিক স্টেটমেন্ট, বা একটি পূর্ণাঙ্গ আয়কর রিটার্নের একটি অনুলিপি, যেমন একটি 1040, 1040EZ, 1099 ট্যাক্স ফর্ম, বা 2020 সালের আয়ের অন্যান্য প্রমাণ।
- কিছু কিছু পরিস্থিতিতে, একটি লিখিত ও স্বাক্ষরিত আয়ের স্টেটমেন্টে নিজের সত্যায়নের অনুমতি রয়েছে, যখন এই সম্পর্কিত কোনো পাওয়া না যায়, যেমন কিছু কিছু আত্ম-কর্মসংস্থানের ক্ষেত্রে।
- **গ্যাস বা বিদ্যুতের ইউটিলিটি বিল**, যদি একই ভাড়ার ইউনিটের বকেয়া ইউটিলিটি বিল পরিশোধে সহায়তার জন্য আবেদন করা হয়।

আবেদনকারীগণকে মার্চ 13, 2020 তারিখের মধ্যে এই নথিগুলো সত্যায়িত করতে বলা হবে: কোভিড-19 অতিমারীর কারণে পরিবারের কোনো সদস্যের বেকার ভাতা গ্রহণ বা পারিবারিক আয় কমে যাওয়া, উল্লেখযোগ্য পরিমাণ লোকসান হওয়া বা অন্যান্য আর্থিক সংকটের মুখোমুখি হওয়া। আবেদনপত্রে প্রদত্ত তথ্য সঠিক মর্মে সম্মত হয়ে আবেদনকারীকে আবেদনপত্র ও সংশ্লিষ্ট সনদপত্রগুলোতে স্বাক্ষর করতে হবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিসটেন্স অগাস্ট 2, 2021